

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও কাজী নজরুল ইসলাম হল ছাত্রলীগের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনায় পাঁচ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে কর্তৃপক্ষ। গতকাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) আমিরুল হক চৌধুরী স্বাক্ষরিত এক অফিস আদেশ থেকে এ তথ্য জানা গেছে।

advertisement 3

বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান ও সিন্ডিকেট সদস্য ড. শেখ মকছেদুর রহমানকে আহ্বায়ক ও প্রক্টর (ভারপ্রাপ্ত) কাজী ওমর সিদ্দিকীকে সদস্য সচিব করে এই কমিটি গঠন করা হয়েছে। এ ছাড়া কমিটিতে সদস্য

advertisement 4

হিসেবে আছেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন এনএম রবিউল আওয়াল চৌধুরী, ছাত্র পরামর্শ ও নির্দেশনা কার্যালয়ের পরিচালক ড. মোহা. হাবিবুর রহমান এবং বাংলা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. জিএম মনিরুজ্জামান। কমিটিকে আগামী সাত কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার জন্য বলা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এএফএম আবদুল মঈন বলেন, এ কমিটির মাধ্যমে ঘটনার নিরপেক্ষ তদন্ত পাব বলে আশা করছি। তদন্ত সাপেক্ষে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

এর আগে শুক্রবার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও কাজী নজরুল ইসলাম হলের ছাত্রলীগের মাঝে সংঘর্ষ ঘটে। দুদিনব্যাপী এ সংঘর্ষে অর্ধশতাধিক নেতাকর্মী আহত হন।